গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
দিনাজপুর জেলা কার্যালয়
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
www.dncrp.gov.bd

# জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত বাজার তদারকী এবং নিয়মিত অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম মনিটরিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভার সভাপতি : জনাব মমতাজ বেগম
সহকারী পরিচালক
সভার তারিখ ও সময়: ২৮-১২-২০২১ খ্রি:, মঙ্গলবার; দুপুর ১২.০০ঘটিকা।
সভার স্থান : সভাপতি মহোদয়ের কক্ষে
সভার উপস্থিত তালিকা : সংযুক্ত "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি বিগত সেপ্টেম্বর/২০২১মাসে অনুষ্ঠিত ১ম সভার অর্জন ও বিভিন্ন অন্তরায় চিহ্নিতকরণ ও বর্তমান ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা এবং তা অর্জনের তৎপরতা সহ ২য় সভার আলোচ্য সূচী উপস্থাপন করেন। লক্ষ্যমাত্রা অনুযায়ী অভিযোগ নিষ্পত্তির শতকরা হার বজায় রাখা, পারতপক্ষে প্রাপ্ত অভিযোগসমূহ যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে অনিষ্পন্ন না রাখা এবং পরবর্তি সময়ে প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুততার সাথে নিষ্পন্ন করার অভিপ্রায় নিয়ে সভায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

২। সিদ্ধান্ত: শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কার্যক্রম নিম্নরূপ:

ক) ২য় ত্রৈমাসিক এ অক্টোবর/ ২০২১ হতে অদ্য ২৮ ডিসেম্বর ২০২১ পর্যন্ত ৩৬ টি বাজার তদারকী অভিযানে এ পর্যন্ত মোট ৮,৫২,০০০/- জরিমানা আদায় করা হয়েছে। যা এপিএ লক্ষ্যমাত্রার কাছাকাছি এবং পর্যাপ্ত। আশা করা যায় জেলা কার্যালয়ের বার্ষিক লক্ষ্যমাত্রাকে সামনে রেখে কাজ করবে।

খ) বর্তমান ২০২১-২০২২ অর্থ বছরের ১ম ত্রৈমাসিকসহ ডিসেম্বর/২০২১ পর্যন্ত মোট ৮টি অভিযোগ পাওয়া গেছে। যার মধ্যে সবগুলো অভিযোগই নিজেদের মধ্যে আপোষের মাধ্যমে নিষ্পত্তি করা হয়। ।। গতবছরের একটি অভিযোগ এখনও চলমান। অভিযুক্ত প্রতিষ্ঠান সময়ের আবেদন করলে মানবিক দিক বিবেচনা করে নিষ্পত্তি করা হবে।।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মমতাজ বেগম) 28/12/21
সহকারী পরিচালক
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, দিনাজপুর।
টেলিফোন: ০৫২৩-৬৬৭১১
ad-dinajpur@dncrp.gov.bd

তারিখ :২৮/১২/২০২১খ্রিঃ।

স্মারক নম্বর-২৬.০৪.৫৫২৭.৬০৩.০৫.০০২.২০২১. ২৭৪(০৪)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রংপুর বিভাগীয় কার্যালয়, রংপুর।

০২। জেলা বাজার কর্মকর্তা, জেলা মার্কেটিং অফিস, দিনাজপুর।

০৩। অফিস নথি।

২৮/১২/২১

(মমতাজ বেগম)
সহকারী পরিচালক
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
দিনাজপুর জেলা কার্যালয়,দিনাজপুর